তিনি বলেন, বর্তমানে প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবস্থায় টিকে থাকতে আমাদের সক্ষমতা বৃদ্ধির কোন বিকল্প নেই। এজন্য আমাদের উদ্যোগ, উদ্যম ও উদ্ভাবনী শক্তির সমন্বয়ের মাধ্যমে স্কীল ডেভেলপমেন্টসহ সার্বিক প্রস্তুতি গ্রহণ করতে হবে। মার্কেটিং জোরদার করতে হবে। মানুষের সাথে মিশে যেতে হবে। "বাংলাদেশ কৃষি ব্যাংক, গণ মানুষের ব্যাংক" এ কথাটির স্বার্থক রূপায়ন নিশ্চিত করতে হবে, তবেই বিকেবি কে একটি লাভজনক, আদর্শ প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে পারব এই সত্য আমাদের সকলের চিত্তে লালন করার উদাত্ত আহ্বান জানিয়ে সভাপতি মহোদয় তাঁর স্বাগত বক্তব্য শেষ করেন ।

০২। উপব্যবস্থাপনা পরিচালক জনাব চানু গোপাল ঘোষ উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে তাঁর বক্তব্য শুরু করেন। তিনি বক্তব্যের শুরুতেই স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে স্মরণ করেন। ব্যবস্থাপনা পরিচালক জনাব ইসমাইল হোসেন মহোদয় প্রতিষ্ঠান বান্ধব উল্লেখ করে তিনি বলেন খুব অল্প সময়ের মধ্যে বাংলাদেশ কৃষি ব্যাংকের সুনাম বিনির্মানে, ব্যবস্থাপনা পরিচালক নিরলস প্রচেষ্টারত, যিনি ব্যাংকের আর্থিক কাঠামোগত সমস্যা চিহ্নিত করে, দীর্ঘদীনের একটি অলাভজনক প্রতিষ্ঠানকে লাভজনক পর্যায়ে উন্নীত করনের লক্ষ্যে, কর্মপরিকল্পনা গ্রহনপূর্বক তা বাস্তবায়নে অক্লান্ত পরিশ্রম করে চলেছেন।

উপব্যবস্থাপনা পরিচালক জনাব চানু গোপাল ঘোষ তাঁর আলোচনায় উল্লেখ করেন বাংলাদেশ কৃষি ব্যাংকে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে বিগত বছরের পারফরমেন্স পর্যালোচনা, বর্তমান অর্থ বছরের লক্ষ্যমাত্রা অর্জন কৌশল নির্ণয়ই এই অংশীজন সভার মূল উদ্দেশ্য। তিনি লক্ষ্যমাত্রা অনুযায়ী আমানত সংগ্রহ, ঋণ বিতরণ, ঋণ আদায় করে সকল ব্যবসায়িক লক্ষ্যমাত্রা অর্জনের উপর গুরুত্বারোপ করেন। একইসাথে আমানতের ঘাটতি পূরণের লক্ষ্যে সুদবিহীন ও কমসুদবাহী আমানত সংগ্রহের বিষয়ে আলোকপাত করেন। তিনি গ্রাহকদের ৭ টি মৌলিক তথ্য (সিআইএফ) হালনাগাদ কাজ দ্রুত সম্পন্নের জন্য শাখা ব্যবস্থাপকদের নির্দেশ প্রদান করেন। সর্বোপরি আমানত সংগ্রহ, ঋণ বিতরণ ও ঋণ আদায়ের মাধ্যমে গ্রাহক সেবার মানকে আরো উন্নত করার পরামর্শ প্রদান করেন এবং ব্যাংকিং সেবা পেতে কোন গ্রাহককেই যেন হয়রানীর শিকার হতে না হয় তার জন্য সকলকে সতর্ক করেন। তিনি উপস্থিত অংশীজনের দৃষ্টি আকর্ষণ করে তাদের মূল্যবান পরামর্শ প্রদানের আমন্ত্রণ জানান।

০৩। জনাব মোঃ আবুল কালাম আজাদ, মহাব্যবস্থাপক, বিকেবি, কুষ্টিয়া বিভাগ তার বক্তব্যের শুরুতেই সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কে গভীর শ্রদ্ধাভরে স্মরণ করেন। শত ব্যস্ততার মাঝেও কুষ্টিয়ার আগমনের জন্য ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ ইসমাইল হোসেন মহোদয় এবং বিশেষ অতিথি, উপব্যবস্থাপনা পরিচালক জনাব চানু গোপাল ঘোষ মহোদয়কে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে ০৩.০৩.২০২২ পর্যন্ত সময়ের অর্জন উপস্থাপন করে ২০২০-২০২১ অর্থবছরের ধারাবাহিকতায় চলতি অর্থবছরে সকল বার্ষিক লক্ষ্যমাত্রার বিপরীতে শতভাগ অর্জনের প্রতিশ্রুতি প্রদান করেন।

তিনি স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সর্বোত্তম গ্রাহক সেবা নিশ্চিত করার জন্য বিকেবি কুষ্টিয়া বিভাগের সকল কর্মকর্তা কর্মচারীর প্রতি নির্দেশনা প্রদান করেন। সকলকে মিলেমিশে কাজ করার জন্য তিনি পরামর্শ প্রদান করেন। আমানতের ঘাটতি পূরণে গ্রাহকদের স্বচ্ছতার সাথে সর্বোচ্চ সেবা দিয়ে সুদবিহীন ও কমসুদবাহী আমানত সংগ্রহের বিষয়ে গুরুত্বারোপ করেন। গ্রাহক সেবার মান আরো অধিকতর উন্নয়নের মাধ্যমে বাংলাদেশ কৃষি ব্যাংক, কুষ্টিয়া বিভাগের সকল ব্যাংকিং ব্যবস্থার মাধ্যমে সকল ব্যবসায়িক সূচকে অভীষ্ঠ লক্ষ্য পূরনের অঙ্গীকার পুনঃব্যক্ত করে তার বক্তব্য শেষ করেন।

৪। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়ঃ

০১. সকল সরকারী, বেসরকারী, আধাসরকারী, স্বায়ত্বশাসিত এবং সামাজিক প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে Low Cost/No Cost ডিপোজিট সংগ্রহের মাধ্যমে উচ্চসুদবাহী এবং কমসুদবাহী আমানতের অনুপাত ৫০ঃ৫০ এ কমিয়ে আনতে হবে।
০২. সকল পর্যায়ের গ্রাহক সন্তুষ্টি নিশ্চিত করতে কর্মকর্তা-কর্মচারীর আচরণ সন্তোষজনক হতে হবে।
০৩. গ্রাহকের চাহিদার প্রেক্ষিতে প্রতিটি শাখায় ক্যাশ কাউন্টিং মেশিন সরবরাহ নিশ্চিত করতে হবে।
০৪. নিয়ন্ত্রণযোগ্য খাতসমূহে ব্যয় নিয়ন্ত্রণের মাধ্যমে শাখার ব্যয় নিয়ন্ত্রণ করে মুণাকা অর্জন করতে হবে।
০৫. দুর্নীতি দূরীকরণ এবং সর্বক্ষেত্রে শুদ্ধাচার প্রতিষ্ঠায় পারস্পরিক সমতা, ঐক্য নিশ্চিত করে একসাথে কাজ করতে হবে।
০৬. সচেতনতার সাথে কাজ করতে হবে। কোন প্রকার অনিয়ম করা যাবে না।
০৭. গ্রাহকদের যথাযথ সম্মান নিশ্চিত করে গ্রাহকেদের সাথে সুসম্পর্ক বজায় রাখতে হবে, সুখে-দুঃখে তাঁদের পাশে দাঁড়াতে হবে। বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে ব্যবস্থাপকসহ সকল কর্মকর্তার অংশ গ্রহণ বৃদ্ধি করতে হবে।
০৮. আমাদের প্রিয় প্রতিষ্ঠান বাংলাদেশ কৃষি ব্যাংক এবং আপনাদের সুনাম বৃদ্ধির লক্ষ্যে নিরবচ্ছিন্ন গ্রাহকসেবা প্রদান নিশ্চিত করতে হবে।
০৯. সকল ক্ষেত্রে শুদ্ধাচার ও জবাবদিহিতা প্রতিষ্ঠার লক্ষ্যে হয়রানীমুক্ত, গ্রাহকবান্ধব ব্যাংকিং পরিবেশ বজায় রাখতে হবে। শাখা ব্যবস্থাপক কর্তৃক মাঠকর্মীদের কর্মকান্ড নিবিড় তদারকী করতে হবে।

জাতির পিতা বঙ্গবন্ধুর ক্ষুধা ও দারিদ্রমুক্ত সোনার বাংলা বিনির্মানে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার ভিশন-২০৪১ বাস্তবায়নে বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রতিটি কর্মী নিরবচ্ছিন্ন কাজ করে যাবে এ আশাবাদ ব্যক্ত করে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (জানুয়ারি-মার্চ ২০২২) ৩য় প্রান্তিকে অংশীজনের অংশ গ্রহনের সভার সমাপনী বক্তব্যে সভাপতি মহোদয় সভার আলোচনায় যে সমস্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়নে সকলকে কর্মে মনোনিবেশ করার আহ্বান জানান। সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের মাধ্যমে গ্রাহক সেবার মান বৃদ্ধি করে মানসম্মত সেবা প্রদান করে প্রদত্ত দিক-নির্দেশনার আলোকে অঞ্চলের পারফরমেন্স বৃদ্ধি ও আনুপাতিক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে দৃঢ় প্রতিজ্ঞ হওয়ার পরামর্শ দিয়ে উপস্থিত সম্মনিত গ্রাহকদের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত (জানুয়ারি-মার্চ ২০২২) ৩য় প্রান্তিকের অংশীজনের অংশ গ্রহনের সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(মোঃ ইসমাইল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৯)২০২১-২০২২/১২৫৪ তারিখঃ ২৯.০৩.২০২২

<u>অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-</u>

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক,বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। সকল উপ মহাব্যবস্থাপক, প্রধান কার্যালয়,ঢাকা বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। সকল কর্পোরেট শাখা ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি/মহানথি।

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)


বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিলি বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
ফোন: ০২-২২৩৩৫৪০২৫, ই-মইলঃdgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

# দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২

## প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, অনুচ্ছেদ ১.৫ : কর্ম-পরিবেশ উন্নয়ন

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২০২২ বাস্তবায়ন অগ্রগতি হিসেবে জানুয়ারি-মার্চ ৩য় প্রান্তিকের পরিস্কার পরিচ্ছন্নতা ও সৌন্দর্য্য বৃদ্ধির অংশ হিসেবে প্রধান কার্যালয় ভবনের প্রবেশমুখের দুইটি সিঁড়িতে ফুলের টব স্থাপন এবং সিঁড়িতে ভবনের প্রবেশ মুখে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ অনুষ্ঠানের শপথবানী শ্বেত পাথরের ফলক দেয়ালে স্থাপন করা হয়েছে। প্রমাণক হিসেবে স্থিরচিত্র উপস্থাপন করা হলো ।




কৃষি ব্যাংক ভবনের প্রবেশ মুখে ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক শপথ অনুষ্ঠানের শপথবানী শ্বেত পাথরের ফলক দেয়ালে স্থাপন

৩০/০৩/২০২২
...মল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে

৩০.০৩.২২




প্রধান কার্যালয় ভবনের প্রবেশমুখের পূর্বদিকের সিঁড়িতে ফুলের টব স্থাপন




প্রধান কার্যালয় ভবনের প্রবেশমুখের পশ্চিম দিকের সিঁড়িতে ফুলের টব স্থাপন


৩০/০৩/২০২২


৩০.০৩.২২

জামিল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে

## রাত্রিকালীন দৃশ্য




৩০/০৩/২০২২

জামাল হোসেন
সহকারী মহাব্যবস্থাপক
বিভাগীয় দায়িত্বে

৩০.০৩.২২

প্রাতিষ্ঠানিক ব্যবস্থা : ১.৭ (১২)

# বাংলাদেশ কৃষি ব্যাংক


প্রধান কার্যালয়

৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।

ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd


বিষয়ঃ জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে মাঠ কার্যালয়ের ফিডব্যাক সভা প্রসঙ্গে।

"জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০২১-২০২২"এর (জানুয়ারি হতে মার্চ ২০২২) ৩য় প্রান্তিকের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে আগামী ৭ মার্চ ২০২২ তারিখ, সোমবার, বিকেল ০৩.০০ ঘটিকায় ব্যাংকের জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব জামিল হোসেন, সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ-এর সভাপতিত্বে জুম কনফারেন্সিংয়ের মাধ্যমে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে মাঠ কার্যালয়ের ফিডব্যাক সভা অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় অত্র ব্যাংকের বিভাগীয় কার্যালয় ও বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নে নৈতিকতা কমিটির সদস্য সচিব, ফোকাল পয়েন্ট কর্মকর্তাসহ এতদসংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নির্ধারিত সময়ে জুমের মাধ্যমে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। নিম্নে জুম মিটিংয়ের মিটিং আইডি ও পাসকোড উল্লেখ করা হলোঃ

মিটিং আইডি : 567 215 0431
পাসকোড : bkb123

**সভার আলোচ্যসূচী ঃ-**

০১) অক্টোবর-ডিসেম্বর ২০২১ প্রান্তিকের প্রতিবেদনের সঠিকতা যাচাই ও ওয়েব সাইটে আপলোড সংক্রান্ত।

০২) শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের ২৮.১২.২০২১ তারিখের পত্র নং প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৯)শুদ্ধাচার /২০২১-২০২২/৮২৫ এর প্রেক্ষিতে বিভাগীয় কার্যালয় ও বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহের অক্টোবর-ডিসেম্বর ২০২১ প্রান্তিকের নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী এবং নৈতিকতা কমিটির সভাপতি এবং সদস্য সচিবের স্বাক্ষরে আপলোডকৃত প্রতিবেদনের সঠিকতা বিষয়ে প্রত্যয়ন পত্র প্রেরণ সংক্রান্ত।

০৩) জানুয়ারি-মার্চ ২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি।

০৪) বিবিধ।

০৬/০৩/২০২২

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

বিতরণ :

০১। মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং- প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৯)শুদ্ধাচার /২০২১-২০২২/ ১৭৫২ তারিখঃ ০৬.০৩.২০২২

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

০১। চিফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয় ,বিকেবি,প্রকা ,ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। উপমহাব্যববস্থাপক, আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।- তাঁকে মাঠ কার্যালয় হতে ব্যাংকের ওয়েবসাইটের শুদ্ধাচার ট্যাবে আপলোড সংক্রান্ত সমস্যায় পরামর্শ প্রদানে সক্ষম এমন একজন কর্মকর্তাকে মিটিংয়ে যুক্ত থাকার নির্দেশনা প্রদান করার জন্য বিনীত অনুরোধ করা হলো।
০৫। নথি।

০৬/০৩/২০২২

(মোঃ ইয়াহিয়া ভূইয়া)
উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

**বিষয়ঃ মাঠ পর্যায়ের কার্যালয়ের দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের (জানুয়ারি-মার্চ ২০২২; ৩য় প্রান্তিক) উপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জামিল হোসেন, ফোকাল পয়েন্ট । |
| তারিখ ও সময় | : | ০৭.০৩.২০২২ বিকেল ০৩:০০ ঘটিকা। |
| স্থান | : | জুম কনফারেন্সিং, বিকেবি, প্রধান কার্যালয়। |
| উপস্থিতি | : | ৯টি বিভাগীয় কার্যালয়, ৯টি বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ৫৩টি মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট ও শুদ্ধাচার সংশ্লিষ্ট কর্মকর্তা জুম কনফারেন্সিংয়ের মাধ্যমে সংযুক্ত ছিলেন । |

সভাপতি মহোদয়ের সম্মতিক্রমে মোঃ ইয়াহিয়া ভূইয়া, উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর সঞ্চালনায় মাঠ পর্যায়ের কার্যালয়ের দাখিলকৃত শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের (জানুয়ারি-মার্চ ২০২২; ৩য় প্রান্তিক) উপর ফিডব্যাক কার্যক্রম শুরু হয়। সঞ্চালক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়, আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৩০ জানুয়ারি ২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার জানুয়ারি-মার্চ ২০২২ ত্রৈমাসিকের কার্যক্রম সংক্রান্ত ফিডব্যাক সভার সিদ্ধান্ত মোতাবেক ব্যাংকের মাঠ পর্যায়ের শুদ্ধাচার চর্চা জোরদার করার লক্ষ্যে উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্তসমূহ জুম সভায় সকলের অবগতির জন্য পাঠ করে করেন এবং মাঠ পর্যালয়ের সকল কার্যালয়সমূহকে মন্ত্রনালয়ের সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন করার জন্য অনুরোধ জানান।

২.০০ মাঠ কার্যালয় কর্তৃক ওয়েব সাইটের স্ব স্ব ট্যাবে আপলোড করতে যে সমস্ত সমস্যা হয় তা নিয়ে আইসিটি সিস্টেমস ও মোবাইল ব্যাংকিং বিভাগের উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব শারমিন বিনতে জামান বিস্তারিত আলোচনা করেন। পরবর্তীতে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ এর উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব ওয়ালি- উল-ইসলাম মাঠ কার্যালয় কর্তৃক ওয়েব সাইটে আপলোডকৃত তথ্যাদি সঠিকতা নিয়ে পর্যালোচনা করেন। মাঠ কার্যালয হতে তথ্য আপলোড না করা এবং অসমাপ্ত তথ্য আপলোড করার কারণ জানতে চাওয়া হয়।

৩.০০ সার্বিক আলোচনার পর নিম্নোক্ত বিষয়গুলো সকল মাঠ কার্যালয কর্তৃক যথাযথভাবে পরিপালন করার জন্য পরামর্শ প্রদান করা হয়ঃ

৩.০১) সকল বিভাগীয় কার্যালয়, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়কে ব্যাংকের ওয়েব সাইটের স্ব স্ব ট্যাবে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির নাম পদবীসহ তথ্য, ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ফোকাল পয়েন্ট কর্মকর্তার তথ্য, গত জুলাই ২০২২ হতে হাল নাগাদ ত্রৈমাসিক ভিত্তিতে ২০২১-২০২২ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং শুদ্ধাচার বিষয়ক সকল কার্যক্রমের তথ্য (মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে) আপলোড করতে হবে।

৩.০২) বিভাগীয় কার্যালয়সমূহের নৈতিকতা কমিটির সভায় স্ব স্ব বিভাগাধীন মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা করতে হবে। একইভাবে বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের নৈতিকতা কমিটির সভায় স্ব স্ব বিভাগাধীন আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন ত্রৈমাসিক ভিত্তিতে পর্যালোচনা করতে হবে। সভার কার্যবিবরণীতে এ বিষয়ে উল্লেখ করতে হবে।

৩,০৩) বিভাগীয় কার্যালয়সমূহের নৈতিকতা কমিটি ও বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের নৈতিকতা কমিটির সদস্য সচিব স্ব স্ব বিভাগাধীন সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ত্রৈমাসিক ভিত্তিতে ওয়েবসাইটে আপলোডকৃত বাস্তবায়ন প্রতিবেদনের সঠিকতা নিশ্চিত করবেন। **প্রতি ত্রৈমাসিকের ১ম সপ্তাহে বিগত ত্রৈমাসিকে আপলোকৃত বাস্তবায়ন প্রতিবেদনের সঠিকতা বিষয়ে একটি প্রত্যয়ন পত্র নৈতিকতা কমিটির সভাপতি এবং সদস্য সচিবের স্বাক্ষরে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।**

চলমান-

৪.০০ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন এপিএ-র একটি গুরুত্বপূর্ণ অংশ। এপিএ –তে পূর্ণনম্বর অর্জনের জন্য ত্রৈমাসিক ভিত্তিতে অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন আপলোডসহ যথাযথ প্রমানক সম্বলিত কার্যক্রম অব্যাহত রাখা জরুরি। এপিএ সংশ্লিষ্ট সকল কার্যক্রমের প্রমানক উপস্থাপন করতে হবে। সরকার এপিএ লক্ষ্যমাত্রা অর্জনকে একটি প্রতিষ্ঠানের মূল্যায়নের মাপকাঠি হিসেবে দেখছেন। ভবিষ্যতে এটি আরো কড়াকড়িভাবে বিবেচনা করা হবে। এমনকি সরকার মালিকানাধীন লোকসানবাহী প্রতিষ্ঠানসমূহের উৎসাহ বোনাস প্রাপ্তির মাপকাঠি হিসেবে এপিএ-র লক্ষ্যমাত্রা অর্জনের মাধ্যমে প্রাপ্ত নম্বরকে বিবেচনায় আনার সম্ভাবনা রয়েছে। এছাড়াও সামগ্রিক অবস্থা বিবেচনায় সরকারের লক্ষ্য বাস্তবায়নে বাংলাদেশ কৃষি ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এপিএ-র লক্ষ্যমাত্রা অর্জনের ব্যর্থতায় ব্যক্তিগত দায় সৃষ্টির বিষয়টি বিবেচনায় রেখেছে। ফলে সকলকে এ ব্যাপারে যথেষ্ট মনোযোগি হবার অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৩/০৩/২০২২

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে)
ও
ফোকাল পয়েন্ট,শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন,
ও সদস্য সচিব, নৈতিকতা কমিটি।

পত্র নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৯)/২০২১-২০২২/ ১১৭৬ তারিখ ঃ ১৩.০৩.২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্ত অনুলিপি ঃ-**

০১) মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২) বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩) মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪) আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫) নথি।

১৩/০৩/২০২২

(মোঃ ইয়াহিয়া ভূঁইয়া)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

শুদ্ধাচার সংক্রান্ত ও দুর্নীতি প্রতিরোধে - ১৫
সহায়ক কার্যক্রম - ৬.৫


বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd


পত্র নং- প্রকা/শানিব্যউবি'৮(অংশ-৮)/শুদ্ধাচার/২০২১-২০২২/ ১১২৭ তারিখ : ২৮.০২.২০২২

# গণবিজ্ঞপ্তি

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২১-২০২২ অনুযায়ী গণশুনানিতে অংশ গ্রহন প্রসঙ্গে।**

এতদ্বারা অত্র ব্যাংকের সাথে সম্পৃক্ত বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়ার আওতাধীন সকল জেলার গ্রাহক সাধারণকে জানানো যাচ্ছে যে, ব্যাংকের সেবা প্রদানে সমস্যা, অসুবিধা, অভিযোগ, পরামর্শ সংক্রান্ত বিষয়ে আগামী ০৫.০৩.২০২২ তারিখ বিকেল ৩:০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়ার তত্ত্বাবধানে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় গণশুনানি পরিচালনা করবেন।

কুষ্টিয়া বিভাগাধীন ব্যাংকের সেবা গ্রহীতাগণকে স্ব স্ব জেলার বাংলাদেশ কৃষি ব্যাংকের মুখ্য আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে গণশুনানিতে অংশ গ্রহনের নিমিত্ত আলোচনার বিষয়বস্তু উল্লেখপূর্বক নাম নিবন্ধন করার জন্য আমন্ত্রণ জানানো যাচ্ছে।

27/02/2022
(জামিল হোসেন)
উপমহাব্যবস্থাপক
(চলতি দায়িত্বে)
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

(১৬)

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

পত্র নং- প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৮)/শুদ্ধাচার/২০২১-২০২২/১১২৮ তারিখ : ২৮.০২.২০২২

বিষয় : জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা,২০২১-২০২২ অনুযায়ী গণশুনানি আয়োজন প্রসঙ্গে।

আগামী **০৫.০৩.২০২২ তারিখ বিকেল ৩:০০ ঘটিকায়** ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে কুষ্টিয়া বিভাগীয় কার্যালয়ের তত্ত্বাবধানে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ অনুযায়ী জানুয়ারি-মার্চ ২০২২ প্রান্তিকের গণশুনানী অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় কুষ্টিয়া বিভাগাধীন সকল জেলার আগ্রহী জনসাধারণের অংশ গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বিনীত অনুরোধ করা হলো।

০৩। সভা অনুষ্ঠানের প্রমানক হিসেবে ছবি, সকলের উপস্থিতি স্বাক্ষর ও এমএসওয়ার্ড ফরমেটে গণশুনানীর কার্যবিবরণী সভা অনুষ্ঠানের পরের দিন ই-মেইলের মাধ্যমে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৮/০২/২০২২
(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

**বিতরণ ঃ**

০১। মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, কুষ্টিয়া।
০২। নথি।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

**বিষয়ঃ জানুয়ারী ২০২২ মার্চ ২০২২ সময়কালের ৩য় প্রান্তিকের গণশুনানি অনুষ্ঠানের কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ ইসমাইল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক। |
| তারিখ ও সময় | : | ০৫.০৩.২০২২, বিকাল : ৩.০০ ঘটিকা। |
| স্থান | : | দিশা অডিটোরিয়াম, দিশা পাওয়ার, কুষ্টিয়া |
| উপস্থিতি | : | উপব্যবস্থাপনা পরিচালক-০১, উপমহাব্যবস্থাপক, ক্রেডিট বিভাগ এবং শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি), প্রধান কার্যালয়, ঢাকা।<br>মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি), বিভাগীয় কার্যালয়, কুষ্টিয়া।<br>মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বিকেবি, কুষ্টিয়া, বিভাগ। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি), কুষ্টিয়া বিভাগ।<br>সংযুক্ত তালিকায় উল্লেখিত কুষ্টিয়া বিভাগের ১৪ (চৌদ্দ) জন গ্রাহক/সম্ভাব্য গ্রাহক। |

গণশুনানি অনুষ্ঠানের সভাপতি ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমতিক্রমে উপস্থিত সকলের প্রতি সালাম জানিয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগের সহকারী মহাব্যবস্থাপক (বিভাগীয় দায়িত্বে) জনাব জামিল হোসেন সভার কার্যক্রম শুরু করেন। সোনার বাংলা গড়ার প্রত্যয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেন। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সর্বক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক প্রতি বছর শুদ্ধাচার কর্মপরিকল্পনা গ্রহণ করে। চলতি ২০২১-২০২২ অর্থবছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনায় ৪(চার)টি গণশুনানি আয়োজনের লক্ষ্যমাত্রা বাস্তবায়নের অংশ হিসেবে আজকের অনুষ্ঠান আয়োজন করা হয়েছে।

২.০। সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করা হয়। সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব। দুর্নীতি মুক্ত সমাজ ব্যবস্থায় স্বচ্ছতা ও জবাবদিহিতা সৃষ্টির লক্ষ্যে সেবা গ্রহিতাদের নিয়ে গণশুনানী আয়োজন জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার একটি অংশ।তারই প্রেক্ষিতে আজকের এই গণশুনানীর আয়োজন।গণশুনানীতে উপস্থিত বিকেবি, কুষ্টিয়া বিভাগের বিভিন্ন শাখার ১৪ জন সম্মানিত গ্রাহক, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে বিভিন্ন সমস্যা ও পরামর্শ নিয়ে আলোচনা করার জন্য উপস্থিত থাকায় তাদেরকে ধন্যবাদ জানানো হয়।

৩.০। বিকেবি, কুষ্টিয়া বিভাগের বিভিন্ন শাখার গ্রাহকগণ বাংলাদেশ কৃষি ব্যাংকের বিভিন্ন সেবা সম্পর্কে আলোচনা করেন এবং কিছু পরামর্শ ও দাবি উপস্থাপন করেন।গ্রাহদের আলোচনা ও পরামর্শ নিম্নরূপঃ

৩.১। বাংলাদেশ কৃষি ব্যাংক বহুলবাড়ীয়া শাখা, কুষ্টিয়ার গ্রাহকদের পক্ষে আমানতকারী ও ঋণগ্রহীতা জনাব মোঃ আজিবর রহমান আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক হতে ঋণ গ্রহণ করে তার সফলতা বর্ণনা করেন। জনাব আজিজুর রহমান বলেন স্থানীয় জমির মৌজা রেট মোতাবেক জামানতি সম্পত্তির ভ্যালুয়েশন দিয়ে ঋণসীমা নির্ধারণ হওয়ায় অপেক্ষাকৃত কম ঋণ সুবিধা পাচ্ছেন। স্থানীয় বাজার দর অনুযায়ী জামানতি সম্পত্তির ভ্যালুয়েশন করার অনুরোধ করেন। পাশপাশি পে-অর্ডার ইস্যুর ক্ষেত্রে কমিশন ফ্রি করার জন্য অনুরোধ করেন।

চলমান পাতা-০২

৩.২। বাংলাদেশ কৃষি ব্যাংক, ভেড়ামারা শাখা, কুষ্টিয়ার গ্রাহকদের পক্ষে ঋণগ্রহীতা জনাব জাহিদুল ইসলাম, টায়ার ব্যবসায়ী, জানান তার বাবার হাত ধরেই প্রায় ৩০ বছর যাবৎ তার কৃষি ব্যাংকের সাথে তাদের সম্পর্ক। তিনি উল্লেখ করেন অন্যান্য সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের তুলনায় কৃষি ব্যাংকের সেবার মান ভাল এবং সেবা নিয়ে তারা সন্তুষ্ট। তবে বর্তমানে গ্রাহকের চাহিদার প্রেক্ষিতে শাখায় লোকবল বৃদ্ধির জন্য অনুরোধ জানান।

৩.৩। বাংলাদেশ কৃষি ব্যাংক, বারখাদা শাখা, কুষ্টিয়ার গ্রাহকদের পক্ষে আমানতকারী ও ঋণগ্রহীতা জনাব মোঃ বজলুর রহমান আলোচনায় অংশ নিয়ে বলেন বাংলাদেশ কৃষি ব্যাংকের বারখাদা শাখার কার্যক্রম শুরু থেকেই হিসাব খুলে লেনদেন করে আসছেন। শাখায় তার হিসাব নং ৬। দীর্ঘদিন শাখায় লেনদেনের অভিজ্ঞতা থেকে তিনি কৃষি ব্যাংকের সার্বিক সেবায় সন্তুষ্ট মর্মে অবগত করেন। বারখাদা শাখা, কুষ্টিয়ার আর একজন ঋণগ্রহীতা জনাব মোঃ রেজবুল হাসান দীর্ঘ দিন যাবত কৃষি ব্যাংক হতে শস্য ঋণ গ্রহণ করছেন এবং সময়মত তা পরিশোধ করে আসছেন। তিনি কৃষি ব্যাংকের ঋণ নিয়ে ব্যবসা সম্প্রসারণ করে বর্তমানে ইট, বালি, সার ও কীটনাশকের ব্যবসা করছেন। তিনি বাংলাদেশ কৃষি ব্যাংকের পাশাপাশি পূবালী ব্যাংকে লেনদেন করেন। তুলনামুলকভাবে কৃষি ব্যাংকের সেবায় সন্তুষ্টি প্রকাশ করেন।

৩.৪। বাংলাদেশ কৃষি ব্যাংক কালীগঞ্জ শাখা, ঝিনাইদহের গ্রাহকদের পক্ষে আমানতকারী ও ঋণগ্রহীতা জনাব মোঃ সুরত আলী_ আলোচনায় অংশ নিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক হতে ঋণ গ্রহণ করে তার সফলতা বর্ণনা করেন।তিনি কৃষি ব্যাংক হতে ঋণ গ্রহণ করে ফল চাষ করছেন।শুধুমাত্র ড্রাগন ফলের চাষ করেই উল্লেখযোগ্য পরিমান মুনাফা অর্জন করেছেন বলে উল্লেখ করেন। কোন প্রকার হয়রানি ছাড়া সময়মত ঋণ প্রদান করে তাকে স্বাবলম্বী হতে সহায়তা করায় কৃষি ব্যাংকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

৩.৫। বাংলাদেশ কৃষি ব্যাংক, হরিণাকুন্ডু শাখা, ঝিনাইদহের ঋণগ্রহীতা জনাব মোঃ রবিউল ইসলাম এবং বড়বাজার শাখা, কুষ্টিয়ার ঋণগ্রহীতা জনাব মোঃ শাহিনুর রহমান সুমন আলোচনায় অংশ গ্রহণ করে বাংলাদেশ কৃষি ব্যাকের সেবায় সন্তুষ্টি প্রকাশ করেন এবং সুদের হার কমানোর অনুরোধ জানান।

৩.৬। মহেশপুর শাখা, ঝিনাইদহ এর ঋণগ্রহীতা ও আমানতকারী জনাব সাদ্দাম হোসেন উল্লেখ করেন তার বাবা জনাব রওশন আলী শাখার একজন পুরাতন গ্রাহক এবং বড় ঋণগ্রহীতা, শাখা থেকে তাদের খুব দ্রুত উত্তম সেবা প্রদান করে।তিনি উল্লেখ করেন আমি ৩-৪ মাস পর ব্যাংকে যেয়ে অনলাইন ব্যাংকিং, আরটিজিএস, ইএফটিসহ সকল আধুনিক ব্যাংকিং সেবাসহ সকল প্রকার সেবা বিনা মূল্যে পাওয়ায় অধিক সন্তুষ্টি প্রকাশ করেন। শাখায় গ্রাহকদের অপেক্ষা করার জন্য উপযুক্ত বসার ব্যবস্থা এবং অন্যান্য বেসরকারী ব্যাংক শাখার মত কৃষি ব্যাংকের শাখার আসবাব ও ডেকোরেশন যুগোপযোগি করার অনুরোধ করেন।

৪.০। উপস্থিত গ্রাহকগণ বাংলাদেশ কৃষি ব্যাংকের বর্তমান সেবার প্রতি আস্থাশীল এবং সেবার মান নিয়ে সন্তুষ্টি প্রকাশ করেন এবং সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক এবং উর্ধতন কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।বক্তারা সকলেই শাখাসমূহের ব্যবস্থাপনা এবং কর্মকর্তা ও কর্মচারীগণের গ্রাহকবান্ধব আচরণে সন্তুষ্ট বলে জানান এবং ব্যাংক ব্যবস্থাপনাকে ধন্যবাদ জানান। ব্যবস্থাপনা পরিচালক মহোদয় আলোচনায় অংশগ্রহণকারী সকল গ্রাহকের কথা মনোযোগ সহকারে শুনেন এবং কুশলাদি বিনিময় করে তাদের সমস্যার সমাধানের বিষয়ে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করেন।

চলমান পাতা-০৩

৫.০। গণশুনানিতে অংশগ্রহণ করে বাংলাদেশ কৃষি ব্যাংকের বর্তমান সেবার প্রতি আস্থাশীল এবং সেবার মান নিয়ে সন্তুষ্টি প্রকাশ এবং সফলতার বর্ণনা করায় ব্যবস্থাপনা পরিচালক মহোদয় গ্রাহকদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন।বাংলাদেশ কৃষি ব্যাংকের সেবা নিয়ে গ্রাহকদের পরামর্শ ও অনুযোগের প্রেক্ষিতে ব্যবস্থাপনা পরিচালক মহোদয় উল্লেখ করেন, শাখা আধুনিকায়ন একটি চলমান প্রক্রিয়া। পর্যায়ক্রমে পুরাতন আসবাবপত্র পরিবর্তন করে আধুনিক আসবাবপত্র সরবরাহ করা হচ্ছে। শাখার গুরুত্ব ও প্রয়োজনীয়তা বিবেচনা করে মানি কাউন্টিং মেশিন সরবরাহ করার জন্য মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয় কুষ্টিয়াকে তাৎক্ষনিক নির্দেশনা প্রদান করেন। পর্যায়ক্রমে শাখার ডেকোরেশন ও আধুনিক আসবারপত্রের ব্যবস্থা করা হবে মর্মে আশ্বাস দেন। শাখাগুলো যে অবস্থাতেই থাকুক না কেন, তা যেন পরিস্কার পরিচ্ছন্ন এবং গুছানো থাকে-তার জন্য শাখা ব্যবস্থাপকদের নির্দেশনা প্রদান করেন। গ্রাহকবান্ধব ব্যাংকিং সেবা নিশ্চিত করার স্বার্থে প্রয়োজনীয়তা অনুযায়ী প্রচলিত নীতি পদ্ধতি সংশোধনের আশ্বাস দেন। বাংলাদেশ কৃষি ব্যাংক সরকারী ব্যাংক হিসেবে সরকারী নিয়ম মেনে মৌজা রেটে ভ্যালুয়েশন করে থাকে। গ্রাহক স্বার্থ বিবেচনা নির্দিষ্ট নিয়ম অনুসরণ করে মৌজা রেটে ভ্যালুয়েশন করা হচ্ছে। বড় ঋনের আবেদনসমূহ প্রধান কার্যালয় হতে অল্প সময়ে মঞ্জুরী দেয়ার আশ্বাস প্রদান করেন। নারী উদ্যোক্তা ও নারীর ক্ষমতায়নে উৎসাহ প্রদান করে অধিকহারে নারী উদ্যোক্তাগণকে ঋণ প্রদানের জন্য শাখা ব্যবস্থাপকদের নির্দেশনা প্রদান করেন। ঋণ প্রক্রিয়ায় কোন ধরণের অনিয়ম চোখে পড়লে তাৎক্ষনিকভাবে ব্যাংকের উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করণ এবং দালালের আশ্রয় না নিয়ে সরাসরি ব্যাংক শাখায় যোগাযোগ করার জন্য গ্রাহকদেরকে অনুরোধ করেন। সরকারের টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে সকলকে সততা, শুদ্ধতা ও আচরণগত উৎকর্ষ বৃদ্ধি করে সেবা প্রদান করতে হবে। গ্রাহক আমাদের বন্ধু, তারা যেন কোন সমালোচনার সুযোগ সৃষ্টি না হয় তার জন্য ব্যাংক কর্মীদের আন্তরিক ভাবে কাজ করে গ্রাহক বান্ধব ব্যাংকিং সেবা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন।

৬.০। গণশুনানীতে অংশগ্রহণ করে মূল্যবান মতামত প্রকাশ করে উন্নত ব্যাংকিং সেবা সম্পর্কে মতামত প্রদান করায় উপস্থিত সেবা গ্রহিতাদের ধন্যবাদ জানিয়ে গণশুনানি অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত
(মোঃ ইসমাইল হোসেন)
ব্যবস্থাপনা পরিচালক

নং-প্রকা/শানিব্যউবি-৮(অংশ-৯)২০২১-২০২২/১২৫৫ তারিখঃ ২৯.০৩.২০২২

**অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-**

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক,বিভাগীয় কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা ।
০৬। নথি/মহানথি।

২৯/০৩/২০২২

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)